

অগ্নিবাহী প্রান

মখদুম আজম মাশরাফী

আজ তুমি বর্ষিয়ান হে অমর একুশ,
পেরিয়ে এসেছো দীর্ঘ পথ আর বহু ঝংঝা বিক্ষুব্ধ রক্ত ঝরা দিন,
আক্রান্ত নিবুম রাত্রির বুক লেপ্টে দেয়া রক্তের ছোপ মাথা বিভিষিকা রাত ।
তুমি দেখেছো গর্ব ভরে, বাংলার মুক্ত আকাশে ওড়া স্বাধীন নিশান,
পরাজিত তস্করের দল মাথা নত করে
সারি সারি দাঁড়িয়ে আছে রেসকোর্সের বিজয় ময়দানে ।
এও দেখেছো তুমি, স্বাধীন মাটিতে
দেশজুড়ে ভয়াত বাতাসে কাঁপা দুঃশাসনের মাতাল সম্ব্রাস ।
অতপর, তারি ক্রোধে,
পিতার রক্তে ভেজা সিড়ির কিনারে বাঙ্গালী বুটের ছাপ.....
কারা কক্ষে রাত্রির অন্ধকারে ঢাকা পড়া গুলিবিদ্ধ নেতাদের লাশ..... ।
তোমার ও চোখে আজও চলচ্ছবির মত ভাসতে থাকে
গণমানুষের ত্যাগ..... স্বপ্ন..... ও আলো..... ।

আজ মানুষের নামে, শুধুমাত্র জনতার নামে
আস্ফালন করে চলে "রাজনীতিবিদ";
মৃত নেতাদের নামে মুখোমুখি বিভক্ত স্বদেশ, লিগু থাকে নিয়ত বিরোধে ।
রাজ-শাসনের ব্যর্থতা মেটাতে,
বন্দুক উচিয়ে আসে উর্দিপরা বাঙ্গালী সৈনিক;
গণতন্ত্রের টুটি চেপে ধরে গ্যাট হয়ে বসে পড়ে শাসন আসনে ।
মানহীন জীবন উল্লাসে তবু খুশী দেশের মানুষ,
তোমাকে স্বাগতঃ করে শোকাবহ "কালো-উৎসবে" ।

তুমি কি এখন তবে বেদনায় নূজ্য নিবুম?
অবসরে বসে থাকা অক্ষম, একদা বিক্রম এক বীর সৈনিক?
জাগাও না ফের তবে অগ্নিবাহী তোমার সে প্রান;
নতুন রক্তধারায় জ্বালো বিদ্যুতের তেজ,
নতুনের মগজে দাও শহীদি আতসমালা,
বন্য অন্ধকারে স্বাপদের নিশ্বাস সরিয়ে আনো না কেন মৃনুয়ী জীবনের আলো ।

মেলবর্ন

১৫ ফেব্রুয়ারী ২০১২